

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ নামায

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জামাআত চলাকালে ইমাম রুকু অবস্থায় থাকলে অনেক নামাযী বিভিন্ন আচরণের মাধ্যমে রুকুতে দেরি করতে বলে। যাতে সে রুকু বা রাকআত পেয়ে যায়। কেউ দৌড়ে আসে, কেউ সজোরে পদক্ষেপ করে, কেউ গলা-সাড়া দেয়, কেউ 'ইন্নাল্লাহা মা'আস স্বাবেরীন' বলে। শরীয়তের দৃস্টিতে এমন কাজ বৈধ কি?

তাদের এমন কাজ বৈধ নয়। যেহেতু মহানবী (সঃ) বলেন, "নামাযের ইকামত হয়ে গেলে তোমরা দৌড়ে এসো না। বরং তোমরা স্বাভাবিকভাবে চলে এসো। আর তোমাদের মাঝে যেন স্থিরতা থাকে। অতঃপর যেটুকু নামায পাও, তা পড়ে নাও এবং যা ছুটে যায়, তা পুরা করে নাও।" ১৬৫ আভাষে-ইঙ্গিতে ইমামকে অপেক্ষা করতে বলায় রয়েছে বেআদবি। তাতে সকল নামাযীর ডিস্টার্ব হয় এবং তাদের মনোযোগ ও বিনয় বিনষ্ট হয়ে যায়। ১৬৬

ফুটনোট

১৬৫ (বুখারী ৬৩৫, মুসলিম ৬০২ নং), ১৬৬ (ইবনে জিবরীন)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=127

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন